সংবাদ

তারিখ ... 22 JAN 2017 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৬ ...

# চট্টগ্রাম-রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ে শীঘ্রই উপাচার্য নিয়োগ

নিজস্ব বার্তা পরিবেশক

চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ে শীঘ্রই উপাচার্য নিয়োগ দেয়া হবে। ইতোমধ্যে নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। গঠন করা হয়েছে পাঁচ সদস্যের সার্চ কমিটি। জরুরি ভিত্তিতে এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী।

সূত্র মতে, নতুন দুই মেডিকেল বিশ্ববিদ্যালয়ে দু'জন এই কমিটি প্রতিটি বিশ্ববিদ্যালয়ের জন্য তিন জন করে ব্যক্তির নাম মনোনয়ন দিয়ে প্রধানমন্ত্রীর দফতরে পাঠিয়েছেন। প্রধানমন্ত্রীর অনুমোদনের পর রাষ্ট্রপতির চট্টগ্রাম : পৃষ্ঠা : ২ ক : ৫

## চট্টগ্রাম : রাজশাহী

(১৬ পৃষ্ঠার পর)

কাছে এ সংক্রান্ত নথি পাঠানো হবে। রাষ্ট্রপতি এই দুই মেডিকেল বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ দেবেন। আর এরপর শুরু হবে বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন কাজ। সেই সঙ্গে অন্যান্য লোকবল নিয়োগও শুরু হবে।

প্রসঙ্গত, বর্তমান সরকার চট্টগ্রাম ও রাজশাহীতে দুটি পৃথক মেডিকেল বিশ্ববিদ্যালয় গঠনে জাতীয় সংসদে এ সংক্রান্ত একটি বিল পাস হওয়ার পর রাষ্ট্রপতি দুটি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেন।

স্বাস্থ্যমন্ত্রণালয় সূত্রে জানা গেছে, এই দুই বিশ্ববিদ্যালয়ের জন্য তিন জন করে ব্যক্তির নাম মনোনয়ন দিয়ে ইতোমধ্যে প্রধানমন্ত্রীর দফতরে পাঠানো হয়েছে। তাদের মধ্যে থেকে দু'জনকে দুটি বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব দেয়া হবে। পাঁচ সদস্যের ওই সার্চ কমিটির সভাপতি করা হয় বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি অধ্যাপক ডা. মাহমুদ হাসানকে। কমিটির অন্য সদস্যরা হলেন- বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ডা. প্রাণ গোপাল দত্ত, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস অ্যান্ড সার্জনসের সভাপতি অধ্যাপক ডা. সানোয়ার হোসেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (ওঅ্যান্ডএম) এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা)। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের সভাপতিত্বে উপাচার্য নিয়োগ নিয়ে সার্চ কমিটির ইতোমধ্যে বৈঠকও করেছে।